

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 25-12-2025

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) প্রধানমন্ত্রী বলেছেন, খেলাধুলার বিকাশে সরকার সবধরনের সহায়তা করবে।
- ২) কলকাতা হাইকোর্ট রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় প্রামাণ্য নথি হিসেবে বাতিল ও বি সি সার্টিফিকেট ব্যবহার নিয়ে নির্বাচন কমিশনকে সিদ্ধান্ত নেওয়ার নির্দেশ দিয়েছে।
- ৩) হাওড়া পুরসভা এলাকায় ৫০-এর বদলে ৬৬-টি ওয়ার্ড করার জন্য রাজ্য সরকার ফের আইন সংশোধন করতে চলেছে।
- ৪) ২০২৫ সালে তিন বাঙালী ক্রীড়াবিদের নাম অর্জুন পুরক্ষারের জন্য মনোনীত হয়েছে।
- ৫) আজ বড়দিন। প্রভূ যীশু আবির্ভাব দিবস সারা রাজ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনায় উদযাপিত হচ্ছে। বড়দিনে রাজ্যজুড়ে শীতের প্রকোপ।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, খেলাধুলার বিকাশে সরকার সবধরনের সহায়তা করবে। আজ ভার্যালি সাংসদ খেল মহোৎসব ২০২৫ এর সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সারা দেশে যুবকদের মধ্যে খেলাধুলায় উৎসাহ দিতে এই ধরনের অনুষ্ঠান বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে।

(বাইট - প্রধানমন্ত্রী)

উত্তরপ্রদেশের আগরায় গত ২১ শে ডিসেম্বর সাংসদ খেল মহোৎসব খেল শুরু হয়েছিল। সারা দেশের বিভিন্ন সংসদীয় কেন্দ্রে খেলোয়াড়রা এই মহোৎসবে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্রাক্তন প্রধানমন্ত্রী, ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শন্দা নিবেদন করেছেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, অটল বিহারী বাজপেয়ী তাঁর সমগ্র জীবন সুশাসন ও দেশ গঠনে উৎসর্গ করেছিলেন। শ্রী বাজপেয়ী একজন সুবক্তা ছাড়াও মহান কবি হিসেবে দেশবাসীর কাছে চির স্মরণীয় হয়ে থাকবেন। এছাড়াও দেশের সর্বাঙ্গীণ উন্নয়নে তাঁর নেতৃত্ব আগামী দিনেও পথপ্রদর্শকের কাজ করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি বাজেপেয়ী জির জন্মদিনে দিল্লীতে তাঁর সমাধিস্থল সৈতে অটলে পুষ্পার্ঘ্য অর্পণ করে শন্দা জানান।

ভারতরত্ন পন্ডীত মদন মোহন মালব্যরও আজ জন্মদিন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর প্রতি শন্দা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ যথাযথ মর্যাদায় প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মজয়ন্তী পালিত হচ্ছে। দিনটি আজ ‘সুশাসন দিবস’ হিসেবেও পালন করা হচ্ছে। এই উপলক্ষে বিজেপির সদর কার্যালয়ে মুরলীধর সেন লেনে এক অনুষ্ঠানে শ্রী বাজপেয়ীর প্রতিকৃতিতে মালা দিয়ে শন্দা জানান রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা সহ বিজেপির রাজ্য নেতৃত্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়ায় নথি হিসেবে, বাতিল হওয়া ওবিসি শংসাপত্র ব্যবহারের বিষয়ে নির্বাচন কমিশনকে সিদ্ধান্ত নিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণ রাও-এর বেঞ্চ গতকাল জানিয়েছেন, ২০১০-এর পর থেকে ইস্যু হওয়া OBC শংসাপত্র, SIR-এর নথি হিসেবে গ্রাহ্য হবে কিনা, সে বিষয়ে সাত দিনের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে কমিশনকে। ৩১শে ডিসেম্বরের মধ্যে সিদ্ধান্ত জানাতে হবে মামলাকারীকে।

উল্লেখ্য, গতবছর মে মাসে রাজ্য ২০১০ সালের পর তৈরী সমস্ত OBC সার্টিফিকেট বাতিল করে দেয় হাইকোর্ট। সেই নির্দেশের প্রেক্ষিতে SIR-এর ক্ষেত্রেও যাতে সেগুলি মান্যতা না পায়, সেই আবেদন জানিয়ে আদালতে মামলা করেন এক আইনজীবি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর পর্বের শুনানিতে ভিন রাজ্য থেকে মাইক্রো অবজার্ভার নিয়োগের অভিযোগ নির্বাচন কমিশন খারিজ করে দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, গতকাল কলকাতার নজরুল মঞ্চে মাইক্রো অবজার্ভারদের এক প্রশিক্ষণ শিবিরের ফাঁকে সাংবাদিকদের বলেন, মাইক্রো অবজার্ভাররা সকলেই এই রাজ্যে কর্মরত। তবে কেউ অন্য রাজ্যের বাসিন্দা কিনা, সে তথ্য কমিশনের কাছে নেই। এদের সকলকেই ইতিমধ্যে নিয়োগ পত্র দেওয়া হয়েছে। শ্রী আগরওয়াল আরও জানান, নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনেই মাইক্রো অবজার্ভাররা দায়িত্ব পালন করবেন। নিয়মের বাইরে কোনও কাজ করা হবে না। ২৭ শে ডিসেম্বর শুনানিপর্ব শুরু হচ্ছে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পত্তি ভিন রাজ্য থেকে মাইক্রো অবজার্ভার নিয়োগ করা হচ্ছে বলে অভিযোগ করেছিলেন।

শিবিরে উপস্থিত বিশেষ রোল অবজার্ভার সুব্রত গুপ্ত জানান, যাঁদের ক্ষেত্রে শুনানির প্রয়োজন রয়েছে, শুধুমাত্র তাঁদের কাছেই নোটিস পাঠানো হবে। এই বিষয়ে কোনও বিভ্রান্তির অবকাশ নেই।

এদিকে, এস আই আর প্রক্রিয়ার শুনানির উপর নজরদারির জন্য নির্বাচন কমিশন সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজারভার নিয়োগ করেছে। আজ নজরুল মঞ্চে দুই দফায় তাদের প্রশিক্ষণ দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়া পুরসভা এলাকায় ৫০ এর বদলে ৬৬ টি ওয়ার্ড রেখে দেওয়ার জন্য রাজ্য সরকার ফের আইনি সংশোধন আনতে চলেছে। মন্ত্রিসভার বৈঠকে গতকাল প্রশাসনের এই সিদ্ধান্তে সিলমোহর দেওয়া হয়। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, হাওড়া পুরসভা আইন ১৯৮০ সংশোধনের জন্য ফের বিধানসভায় এই বিল আনার সিদ্ধান্ত হয়েছে।

উল্লেখ্য, ২০১৫ সালে তৃণমূল কংগ্রেস সরকার হাওড়া পুরসভার সঙ্গে বালি পুরসভাকে জুড়ে দিয়ে মোট ৬৬ টি ওয়ার্ড গঠন করে। যদিও হাওড়া পুরসভার অন্তর্গত ছিল ৫০ টি। কিন্তু পরে প্রশাসনিক সমস্যা দেখা দেওয়ায় ২০২১ সালে ফের বালি পুরসভাকে হাওড়া পুরসভা থেকে আলাদা করে দেওয়া হয়। তৎকালীন রাজ্যপাল জগদীপ ধনখড় সেই সিদ্ধান্ত অনুমোদন করেননি।

চলতি বছরে রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই সিদ্ধান্ত অনুমোদন করেন। নিয়ম অনুযায়ী হাওড়া পুরসভার ওয়ার্ড কমে যাওয়ার কথা। কিন্তু রাজ্য সরকার সেখানে ৫০ টি র বদলে ৬৬ টিই রাখতে চাইছে। কারণ গত ১০ বছরে পুরসভা লোকসংখ্যা দ্বিগুণের বেশি বেড়েছে। তাই এই আইন সংশোধনের সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বোলপুরে পৌষ মেলা উপলক্ষ্যে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেলের হাওড়া ডিভিশন আজ থেকে ২৮ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন একটি স্পেশাল এক্সপ্রেস ট্রেন চালাবে। হাওড়া বোলপুর স্পেশাল সকাল সাতটা ১৫ মিনিটে হাওড়া থেকে ছেড়ে সকাল ৯ টা ৫৫ মিনিটে বোলপুরে পৌঁছাবে। বোলপুর হাওড়া স্পেশাল সকাল ১১ টা ৫০ মিনিটে বোলপুর ছেড়ে দুপুর দুটো ৪৫ মিনিটে হাওড়া পৌঁছাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আপ ও ডাউন হাওড়া-কাটিহার এক্সপ্রেস ট্রেন আগামী ২৮ শে ডিসেম্বর থেকে মুর্শিদাবাদের ফরাক্কার সাঁকোপাড়া হল্ট স্টেশনে থামবে বলে জানিয়েছে রেল মন্ত্রক। গত কয়েক বছর ধরেই এলাকার বাসিন্দারা আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন এই দাবিতে। অবশেষে সেই দাবি পূরণ হওয়ায়, যাতায়াতের অনেকটাই সুবিধা হবে বলে জানান এলাকার বাসিন্দারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা প্রধানমন্ত্রী কিশান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাভিযান, প্রধানমন্ত্রী-কুসুম প্রকল্প। উত্তর চবিশ পরগনা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয়বস্তু বিশেষজ্ঞ ড. চিন্ময় মাজির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। এই অনুষ্ঠান আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ শে ডিসেম্বর আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিত্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সালের অর্জুন পুরস্কারের জন্য ২৪ জনের নাম সুপারিশ করা হয়েছে। এর মধ্যে রাইফেল শুটার মেহলি ঘোষ, জিমনাস্ট প্রণতি নায়েক এবং ব্যাডমিন্টন তারকা তৃষ্ণা জলি এবং গায়ত্রি গোপীচাঁদও রয়েছেন।

দুবারের অলিম্পিক পদক জয়ী এবং ভারতীয় পুরুষ হকি দলের ভাইস ক্যাপ্টেন হার্দিক সিং, মেজর ধ্যানচাঁদ খেলরত্ন সম্মানের জন্য মনোনীত হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়গ্রামের গোপীবল্লভপুরে ছাদ থেকে নীচে পড়ে জখম এক নির্মাণকর্মীর মৃত্যু হয়েছে। বছর ৪০-এর নির্মাণকর্মীর নাম মফিজুল হক। গত মঙ্গলবার সন্ধ্যায় মুশ্রিদাবাদের সাগরদিঘি থানার মথুরাপুরে নিজের বাড়িতেই তিনি মারা যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত আমৰাড়া গ্রাম পঞ্চায়েতের খড়িমাচান এলাকায় গত রাতে বোমা বিস্ফোরণের ঘটনায় জখম এক শিশু। তাকে উদ্কার করে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিস্ফোরণের জেরে এলাকাজুড়ে চাপ্পল্য ছড়িয়ে পড়ে। ওই নির্মায়মাণ বাড়িতে বোমা মজুদ ছিল বলে গ্রামবাসীরা জানান। ঘটনাস্থল থেকে বোমার অবশিষ্টাংশ উদ্কার করে, তদন্ত শুরু করেছে বাসন্তী থানার পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ায় মাধবপুর পরিবেশ চেতনা সমিতির উদ্যোগে দামোদর নদের ধারে কুলগাছিয়া মাধবপুর গ্রামে পরিবেশবান্ধব হাটের সূচনা হয়েছে। চলবে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন দুপুর ১২ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত বসবে এই হাট।

হাওড়ার নিজস্ব লোকনৃত্য কালিকাপাতারি আজ অনুষ্ঠিত হবে হাটে। প্লাস্টিকবর্জিত এই হাটের বিশেষ আকর্ষণ হাওড়া জেলার বিখ্যাত রানী পুতুলের পাশাপাশি ছিলো বিভিন্ন হস্তশিল্পের কাজ, টেরাকোটার বিভিন্ন অলংকার, কাষ্ঠখচিত বিভিন্ন দৃশ্য, পটচিত্র ইত্যাদি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বড়দিন। যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস সারা রাজ্যেই বিপুল উৎসাহ উদ্বৃত্তি পনায় উদযাপিত হচ্ছে।

জিঙ্গল

গতকাল মধ্যরাতে গীর্জায় গীর্জায় ঘন্টাধ্বনি ও ক্যারোলের মধ্য দিয়ে স্মরণ করা হয় প্রত্বু যীশুকে। খ্রীষ্ট ধর্মাবলম্বী আজও সকাল থেকেই অংশ নেচেন বিশেষ প্রার্থনায়। বড়দিন উপলক্ষে আলোর মালায় সেজে উঠেছে পার্ক স্ট্রীট ও বো ব্যারাক এলাকা।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বড়দিনে ধর্মীয় সম্প্রীতির বার্তা দিতে একাধিক উপাসনালয়ে প্রার্থনায় অংশ নিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। সকালে রাজভবন থেকে রওনা হয়ে প্রথমে তিনি সেন্ট পলস ক্যাথেড্রাল-এ পৌঁছন। সেখানে প্রার্থনা করার পর সড়কপথে যান সেন্ট থমাস অর্থোডক্স ক্যাথেড্রাল-এ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লীর ক্যাথিড্রাল চার্চ অফ দ্য রিডেম্পশনে বড়দিনের প্রার্থনা সভায় যোগ দেন। পরে এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেন, বড়দিনের এই প্রার্থনার মধ্যে শান্তি, প্রেম এবং সহানুভূতির বার্তা প্রতিফলিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বছরের শেষে বড়দিন থেকেই রাজ্যজুড়ে শীতের প্রকোপ। কলকাতা সহ রাজ্যের বেশ কিছু জায়গায় আজ একই সঙ্গে এই মরশ্মের শীতলতম দিন রেকর্ড করা হয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩. ৭ ডিগ্রি সেলসিয়াস। দক্ষিণবঙ্গে সব থেকে কম তাপমাত্রা ছিল শ্রীনিকেতনে ৮.৫ ডিগ্রি সেলসিয়াস যা এই মরশ্মের সবথেকে কম।

এছাড়াও দক্ষিণবঙ্গের বাঁকুড়ায় নূন্যতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯.১ ডিগ্রি সেলসিয়াস, সিউড়িতে ৯ ডিগ্রি সেলসিয়াস, বর্ধমানের ১০ ডিগ্রি, বহরমপুরের দশ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। উত্তরবঙ্গে ও আলিপুরদুয়ারে আজ ছিল মরশ্বমের শীতলতম দিন। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮ ডিগ্রি সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০